



বাড়ি নং-১২৪/৯০/০৩, ব্লক-বি, সড়ক নং-০২, ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।

স্মারক নং-ইআবি/রেজি/প্রশা/মাদরাসা প. বিধি/৮৫৮২

তারিখ: ১৫/০৭/২০১৯ খ্রি.

### অফিস আদেশ


ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় ২০১৩ সনের ৩৭ নং আইনের তফসিলে অনুমোদিত বিশ্ববিদ্যালয়ের প্রথম সংবিধির ধারা-২ এর (৪), (৫) ও ধারা-৫ এর (গ) অনুযায়ী অধিভুক্ত মাদরাসার শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীদের চাকুরির পর্যায় ও পরিধি এবং চাকুরি যোগ্যতার অন্যান্য শর্তসমূহ নির্ধারণ প্রয়োজন বিধায় আইনের ধারা-৪৮ (১) এর খ, গ, এবং ৩ এ প্রদত্ত ক্ষমতা বলে বিশ্ববিদ্যালয় প্রবিধান প্রণয়ন কমিটির দাখিলকৃত সুপারিশ ও অধিভুক্তি কমিটির ৪র্থ সভার সুপারিশ ১৭/১২/২০১৮ খ্রি. তারিখে অনুষ্ঠিত সিন্ডিকেটের ১০ম সভায় অনুমোদনের প্রেক্ষিতে “ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় প্রবিধান-২০১৯” প্রণীত হল।

#### ২. শিরোনাম ও পরিধি;

এ প্রবিধান “ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত মাদরাসার শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীগণের চাকুরির পর্যায় ও পরিধি এবং চাকুরি যোগ্যতার অন্যান্য শর্তাবলি সংক্রান্ত প্রবিধান-২০১৯” নামে অভিহিত হবে। এ প্রবিধান ১৫/০৭/২০১৯খ্রি. তারিখ থেকে কার্যকর হবে। যা প্রাথমিক পাঠদান অনুমতিপ্রাপ্ত ও অধিভুক্ত সকল ফাজিল, ফাজিল (অনার্স), কামিল স্নাতকোত্তর (দুই বছর মেয়াদি) ও কামিল মাস্টার্স (এক বছর মেয়াদি) মাদরাসাসমূহের শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীদের জন্য প্রযোজ্য হবে।

#### ৩. রহিতকরণ;

এ আদেশ কার্যকর হওয়ার পূর্বে ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া কর্তৃক জারিকৃত এতদসংক্রান্ত সকল প্রজ্ঞাপন, অফিস আদেশ ও নির্দেশিকা বাতিল বলে গণ্য হবে।

  
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)  
১৫.৭.১৯

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

#### অধ্যক্ষ/অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)


সকল ফাজিল, ফাজিল (অনার্স), কামিল স্নাতকোত্তর (দুই বছর মেয়াদি)  
ও কামিল মাস্টার্স (এক বছর মেয়াদি) মাদরাসা

স্মারক নং-ইআবি/রেজি/প্রশা/মাদরাসা প. বিধি/৮৫৮২(১৩)

তারিখ: ১৫/০৭/২০১৯ খ্রি.

#### সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২. সচিব, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৩. ট্রেজারার মহোদয়, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৪. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, শিক্ষা মন্ত্রণালয়।
৫. ডীন, ফাজিল (স্নাতক) শিক্ষা বিষয়ক কেন্দ্র, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৬. পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৭. পরিচালক (অর্থ ও হিসাব), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৮. উপাচার্য মহোদয়ের একান্ত সচিব (সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৯. পরিদর্শন দফতর, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
১০. কারিকুলাম উন্নয়ন ও মূল্যায়ন কেন্দ্র, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
১১. আই.সি.টি শাখা, (ওয়েব সাইটে প্রকাশ করার নিমিত্ত) ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
১২. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)।
১৩. অফিস নথি।

  
১৫.০৭.১৯

সহকারি রেজিস্ট্রার  
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়